নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা

www.ecs.gov.bd

ফোন ঃ ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭ **ফ্যাক্স** ঃ ৯১২৯৭৭৩

নং- নং নিকস/ জঃসঃ/ প্রেস রিলিজ /২০০৭/ ৯০ তারিখ ঃ ২০ জুন ২০০৮

সংবাদ বিজ্ঞপ্তি

নির্বাচনের সময়সূচীঃ সিটি কর্পোরেশন ও পৌরসভা ঃ

আগামী ০৪ আগষ্ট ২০০৮ তারিখে চারটি সিটি কর্পোরেশন এবং ৯টি পৌরসভার ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। সিটি কর্পোরেশনসমূহ হলোঃ রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট এবং পৌরসভাসমূহ হলোঃ (১) নওহাটা, রাজশাহী; (২) দুপচাঁচিয়া, বগুড়া; (৩) চুয়াডাঙ্গা; (৪) শ্রীপুর, গাজীপুর; (৫) মানিকগঞ্জ; (৬) ফুলবাড়িয়া, ময়মনসিংহ; (৭) শরিয়তপুর; (৮) গোলাপগঞ্জ, সিলেট; (৯) সীতাকুন্ড, চট্টগ্রাম।

নির্বাচন কমিশন আজ গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে ৪টি সিটি কর্পোরেশন এবং ৯টি পৌরসভার নির্বাচনের বিস্তারিত সময়সূচী ঘোষণা করেছেন। সময়সূচী অনুযায়ী ঃ

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	ঃ ০৩ জুলাই, ২০০৮ (বৃহস্পতিবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	ঃ ০৬ ও ০৭ জুলাই,২০০৮ (রবিবার ও সোমবার)
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	ঃ ১৩ই জুলাই, ২০০৮ (রবিবার)
(গ)	ভোটগ্রহণের তারিখ	ঃ ০৪ আগষ্ট, ২০০৮ (সোমবার)

নির্বাচন কমিশন অপর এক গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে চারটি সিটি কর্পোরেশন নির্বাচন পরিচালনার জন্য সংশ্লিষ্ট উপ-নির্বাচন কমিশনারগণকে রিটার্নিং অফিসার নিয়োগ করেছেন। পৌরসভাসমূহের নির্বাচন অনুষ্ঠান পরিচালনার জন্য জেলা সদরের পৌরসভার জন্য সংশ্লিষ্ট জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সাধারণ)-কে এবং উপজেলা পর্যায়ের পৌরসভার জন্য সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে ।

নির্বাচন অনুষ্ঠেয় সিটি কর্পোরেশনসমূহের ভোটার সংখ্যা হলো রাজশাহী - ২,৫৮,৭৫৯; খুলনা- ৩,৯৯,৩৯৮; বরিশাল - ১,৭৯,২৯৩; সিলেট - ২,৫৬,২৩৭।

পৌরসভাসমূহের ভোটার সংখ্যা হলোঃ নওহাটা-৩৩,৭৮০; (২) দুপচাঁচিয়া-১৩,২১৩; (৩) চুয়াডাঙ্গা-৫১,৬০১; (৪) শ্রীপুর-৪৮,৩৪১; (৫) মানিকগঞ্জ-৪১,৮৭১; (৬) ফুলবাড়িয়া-১৭,২৬৬; (৭) শরিয়তপুর-২৭,১৫৭; (৮) গোলাপগঞ্জ-১৫,৫৭৫; (৯) সীতাকুন্ড-২৫,১৭১।

স্বাক্ষরিত/-
২০.০৬.২০০৮
এস এম আসাদুজ্জামান
জনসংযোগ কর্মকর্তা
ফোন- ৮১১৪১৭৬